



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দক্ষিণ সুরমা সরকারি কলেজ, সিলেট

তারিখ: ১১/০৫/২০২৬

সূত্র: দক্ষিণ সুরমা সরকারি কলেজ/১০২৬/

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের (২য় পর্যায়) বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগত করা যাচ্ছে যে, তাদের ভর্তি আবেদন ১১/০৫/২০২৬ খ্রি. থেকে ১৭/০৫/২০২৬ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আগ্রহী শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা সোনালী সেবা অথবা বিকাশ অথবা সেলফিন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা প্রকাশ করা হবেনা, তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে ০৩টি কলেজে বিষয় নির্ধারন করে আবেদন করতে হবে।


উল্লেখ্য, পূর্বে যারা আবেদন করেছে নতুনভাবে তাদের আবেদন করার প্রয়োজন নেই।


আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ ১৭/০৫/২০২৬ খ্রি.

ভর্তি ইচ্ছুক বিষয় : সমাজবিজ্ঞান ও অর্থনীতি

অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

- ১। আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে আবেদন ফরম পূরণ করে সাবমিট করার পর pdf কপি ডাউনলোড করে প্রিন্ট কপির উপর Applicant's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী স্বাক্ষর করে তারিখ দিবে।
- ২। প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (একহাজার) টাকা সোনালী সেবা দিয়ে শিক্ষার্থীরা <https://dsgcs.eshiksabd.com/> লিংকে প্রবেশ করে User ID: dscstudent ও Password: dscstudent দিয়ে Sign in করে Pay through Sonali Pay অপশনে ক্লিক করে সেশন (২০২৩-২০২৪) ও মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) এর এডমিশন রোল দিয়ে পরিশোধ করতে হবে অথবা বিকাশ মোবাইল ব্যাংকিং অথবা ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির সেলফিন (Cellfin) এর মাধ্যমে ফি পরিশোধ করতে পারবে।
- ৩। ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ ও অনলাইন থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম (নির্ধারিত স্থানে স্বাক্ষর করে) ১১/০৫/২০২৬ খ্রি. থেকে ১৭/০৫/২০২৬ খ্রি. সকাল ১০.০০ টা থেকে বেলা ০২.০০ টার মধ্যে সমাজবিজ্ঞান বিভাগ, অনার্স ভবন (৪র্থ তলা) দক্ষিণ সুরমা সরকারি কলেজে জমা দিতে হবে। (সাপ্তাহিক ছুটি এবং সরকারি ছুটির দিন ব্যতীত)।
- ৪। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীগণ তার প্রদত্ত মোবাইল নাম্বারে SMS পাবেন। আবেদন জমা দেয়ার ০২ দিনের মধ্যে SMS না পেলে ০১৭৪৮৩৭৬০৮০ নাম্বারে ফোন করে বা সরাসরি কলেজে যোগাযোগের পরামর্শ দেয়া হলো। ভর্তি সংক্রান্ত প্রয়োজনে উল্লেখিত নাম্বারে অফিস চলাকালীন (সকাল ১০.০০ টা থেকে বেলা ০২.০০ টার মধ্যে) সময়ে যোগাযোগ করা যাবে।


(প্রফেসর ইফতেখার আলম)
পরিচিতি নম্বর : ০১২১২০
অধ্যক্ষ
দক্ষিণ সুরমা সরকারি কলেজ


(মোঃ আব্দুল বাতেন)
আহবায়ক
মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি -
২০২৩-২৪

দক্ষিণ সুরমা সরকারি কলেজ, সিলেট